

bb.eisamay.com

অগস্টে চালু উৎপাদন, সস্তায় বিদ্যুৎ জোগাবে আইপিসিএল

এই সময়, হলদিয়া: সস্তায় বিদ্যুৎ উৎপাদন ও বিক্রির সূচনা হচ্ছে এ রাজ্যে। ইন্ডিয়া পাওয়ার কর্পোরেশন লিমিটেড(আইপিসিএল) ওই বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র গড়ছে হলদিয়ায়। প্রথম ইউনিটটির কাজ প্রায় শেষের পথে। সংস্থার প্রেসিডেন্ট সোমেশ দাশগুপ্ত জানিয়েছেন, অগস্টেই ওই ইউনিট কাজ শুরু করে দেবে। হলদিয়ায় এইচ পি লিঙ্ক রোডের পাশে কসবেড়িয়ায় ২০২ একর জমিতে সম্পূর্ণ বেসরকারি বিনিয়োগে তৈরি হচ্ছে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। আইপিসিএল ৪৫০ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন মোট ৩টি ইউনিট নির্মাণের পরিকল্পনা আছে সেখানে। এ রাজ্যে মাত্র সাড়ে চার টাকা প্রতি ইউনিটে বিদ্যুৎ বিক্রি করবে সংস্থাটি। প্রকল্পটির জন্য জমি ও জলের ব্যবস্থা করেছে রাজ্য সরকার। হলদিয়া বন্দরের মাধ্যমে বিদ্যুৎ কেন্দ্রের জন্য বিদেশ থেকে কয়লা আমদানি করবে সংস্থাটি।

আইপিসিএলের প্রেসিডেন্ট সোমেশ দাশগুপ্ত বলেন, ‘বিভিন্ন কারণে আমাদের হলদিয়া প্ল্যান্টে বিদ্যুৎ উৎপাদন শুরু সময়সীমার চেয়ে প্রায় দেড় বছর পিছিয়ে আছে। প্রথম ইউনিট তৈরির কাজ হয়ে গিয়েছে আপাতত। উৎপাদন শুরুর উপযুক্ত আছে কি না, এখন তা পরীক্ষা করে দেখা হচ্ছে। ১৫০ মেগাওয়াট উৎপাদনের ক্ষমতা সম্পন্ন ওই ইউনিটটি অগস্টে চালু করার পরিকল্পনা আমাদের আছে।’ সংস্থা সূত্রে জানা গিয়েছে, বিধানসভা নির্বাচনের জন্যই কাজ পিছিয়ে গিয়েছে। আইপিসিএলের কনস্ট্রাকশন হেড সুশীল ভার্মা বলেন, ‘উন্নত প্রযুক্তি ব্যবহার করে এখানে কম খরচে বিদ্যুৎ উৎপাদন করা হবে। উৎপাদন খরচ কম থাকায়

আমরা কম দামে বিদ্যুৎ বিক্রি করতে পারব। বিদ্যুতের বর্তমান বাজার মূল্য থেকে দেড়-দু' টাকা কমিয়ে চার টাকায় আমাদের বিদ্যুৎ বিক্রির সিদ্ধান্ত হয়েছে।'

চুক্তি অনুযায়ী রাজ্য সরকারকেও বিদ্যুৎ বিক্রি করবে আইপিসিএল। বিক্রি ও বন্টনের লাইসেন্স পেয়েছে সংস্থাটি। বণিক মহল এই খবরে অত্যন্ত উৎসাহিত। কম দামে বিদ্যুৎ জোগান দেওয়ায় প্রতিযোগিতার বাজারে এই সংস্থার চাহিদা বাড়বে। অনেক বাণিজ্যিক সংস্থাই কম দামে বিদ্যুতের দাবি করে থাকে। আইপিসিএলের বিদ্যুৎ উৎপাদন শুরু হলে বিশেষ করে হলদিয়া ও সংলগ্ন এলাকায় ছোট-বড় আরও কলকারখানা গজিয়ে উঠবে বলে আশা করছে বণিক মহল। এতে স্থানীয় কর্মসংস্থানও বাড়ার সম্ভাবনা দেখা দিয়েছে। গোটা রাজ্যেই সরবরাহ করার পরিকল্পনা থাকলে আইপিসিএল কর্তাদের বক্তব্য, আপাতত তাঁদের লক্ষ্য হলদিয়া শিল্পাঞ্চল-সহ পূর্ব মেদিনীপুর জেলা।

.....